



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
শাখা- ০৩ (পলিটেকনিক)  
www.techedu.gov.bd  
এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭



স্মারক নং- ৫৭.০৩.০০০০.০১২.১১.০৩৬.২১- ৬৯৬

তারিখঃ ২২ ভাদ্র, ১৪২৮ বঙ্গাব্দ  
০৬ সেপ্টেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ

### নিয়োগ আদেশ

শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭৬.০১.০১০.১৫- ৪৪৫, তারিখ: ১০ জুলাই, ২০১৯ এবং কারিগরি শিক্ষা অধিদপ্তরের ৫৭.০৩.০০০০.০১২.১১.০৩৬.২১- ৫০২, তারিখ: ৩০ জুন, ২০২১ নম্বর নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে বিভাগীয় বাছাই/নির্বাচন কমিটির সুপারিশক্রমে নিম্নবর্ণিত প্রার্থীদেরকে স্থায়ী রাজস্বখাতভুক্ত ইলেকট্রিশিয়ান পদে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী ১৮তম গ্রেডের টাকা ৮৮০০-২১৩১০/- বেতনক্রমে এবং সরকার অনুমোদিত অন্যান্য সুবিধাদিতে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো।

ক্রঃ নং	প্রার্থীর রোল নং	প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম এবং জন্ম তারিখ	স্থায়ী ঠিকানা	নিয়োগকৃত প্রতিষ্ঠানের নাম
১.	৩৫০০০০০৪	নাম- মোঃ আব্দুল্লাহ আল মামুন পিতা- মোঃ আবু বকর সিদ্দিক মাতা- শিউলী বেগম জন্ম তারিখ- ২৪/০৯/১৯৯৫	গ্রাম- তাল তলা ডাকঘর- ময়মনসিংহ সদর (২২০০) উপজেলা- ময়মনসিংহ জেলা- ময়মনসিংহ	বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইনস্টিটিউট, কাপ্তাই, রাজামাটি, চট্টগ্রাম

২. এ আদেশ যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

৩. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

#### শর্তসমূহঃ

- সরকারি বিধি মোতাবেক চাকুরীতে তার জ্যেষ্ঠতা নির্ধারিত হবে।
- যোগদানের সময় সিভিল সার্জন কর্তৃক ডোপটেস্টসহ স্বাস্থ্য পরীক্ষার সনদের মূলকপি জমা প্রদান করতে হবে।
- সন্তোষজনক পুলিশ ডেরিফিকেশন রিপোর্ট প্রাপ্তির পর “কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের ক্যাডার বহির্ভূত গেজেটেড ও নন-গেজেটেড (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২০” এর বিধি ৬ এর (৩)(ক) ও (৫) মোতাবেক চাকুরী স্থায়ী করা হবে।
- পুলিশ ডেরিফিকেশন রিপোর্টে কোন বিরূপ মন্তব্য পাওয়া গেলে এবং প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য পরবর্তীতে অসত্য/ভূয়া প্রমাণিত হলে অথবা নিয়োগ বিজ্ঞপ্তি অনুসারে নিয়োগ যোগ্যতার সাথে শিক্ষাগত যোগ্যতা সংগতিপূর্ণ না হলে “কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের ক্যাডার বহির্ভূত গেজেটেড ও নন-গেজেটেড (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২০” এর বিধি ৬ এর (১)(ক), ২(ক) এবং ৩(খ) এর (অ) মোতাবেক তার নিয়োগ আদেশ বাতিল হবে।
- নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ বিষয়সমূহে সরকারের প্রচলিত আদেশ এবং বিধি-বিধান প্রযোজ্য হবে।
- নির্বাচিত প্রার্থীদেরকে আগামী ১৬ সেপ্টেম্বর, ২০২১ তারিখ অফিস চলাকালীন সময়ে নিয়োগকৃত প্রতিষ্ঠান প্রধানের নিকট যোগদান করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে যোগদানে ব্যর্থ হলে তার এই নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।
- যোগদানকালে প্রার্থীকে অবশ্যই চাকরির আবেদনপত্র (Applicant's Copy), প্রবেশপত্র, ০২ (দুই) কপি রঞ্জন ছবি, শিক্ষাগত যোগ্যতার সকল সনদ, নাগরিকত্ব সনদ, অভিজ্ঞতার সনদ, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, প্রাধিকার কোটায় সুপারিশকৃত প্রার্থীদের প্রাধিকার কোটার স্বপক্ষে (এতিম/প্রতিবন্ধী, মুক্তিযোদ্ধা, ক্ষুদ্র-নৃগোষ্ঠী এবং আনসার-ভিডিপি) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের মূলকপি প্রদর্শন করতে হবে এবং সত্যায়িত ০১ (এক) সেট ফটোকপি জমা দিতে হবে।
- চাকুরীতে যোগদানের জন্য তিনি কোন প্রকার ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।

স্বাক্ষরিত/-

(মোঃ মাহমুদুল হক)

যুগ্ম সচিব

ও

পরিচালক (পলিটেকনিক/পিআইডব্লিউ)


স্মারক নং- ৫৭.০৩.০০০০.০১২.১১.০৩৬.২১- ৬৯৬/১৬

তারিখঃ ২২ ভাদ্র, ১৪২৮ বঙ্গাব্দ  
০৬ সেপ্টেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২. অতিরিক্ত সচিব (কারিগরি)/ প্রশাসন ও উন্নয়ন, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. পরিচালক (প্রশাসন/পরিঃ ও উন্নঃ/ভোকেশনাল/পিআইডব্লিউ/পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৪. মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. উপমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. অধক্ষ, -----, পলিটেকনিক ইনস্টিটিউট-----।
৮. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
৯. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, -----।
১০. জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, -----।
১১. সহকারী পরিচালক (১/২/৪/৫/৬/৭/৮/৯/১০/১১), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১২. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আই.সি.টি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩. মহাপরিচালকের একান্ত সচিব, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।]
১৪. প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১৫. জনাব.....।
১৬. সংরক্ষণ নথি।

  
 (মো: জাহেদুল কবির খান)  
 সহকারী পরিচালক